



এসবিএস রেডিও এবং ভাষাভিত্তিক সার্ভিসগুলোর ভবিষ্যৎ বিনির্মাণে সাহায্য করার জন্য এসবিএস কমিউনিটির প্রতিক্রিয়া আহ্বান করছে

সমসাময়িক অস্ট্রেলিয়ার চাহিদা পূরণের লক্ষ্যে এসবিএসের অঙ্গীকার হচ্ছে ক্রমাগত বিকশিত হওয়া, তারই অংশ হিসেবে এসবিএস তার ভাষাভিত্তিক সার্ভিসগুলোর নিয়মিত পর্যালোচনা শুরু করেছে এসবিএস রেডিওর মাধ্যমে। খসড়া সিলেকশন ক্রাইটেরিয়া নিয়ে জনসাধারণের মতামত দেয়া আজ থেকে শুরু হয়েছে।

এসবিএস ল্যাংগুয়েজ সার্ভিসেস রিভিউ হল জাতীয় আদমশুমারির সাথে সঙ্গতিপূর্ণ একটি প্রক্রিয়া যা প্রতি পাঁচ বছর অন্তর সম্পন্ন হয়। এর মাধ্যমে এসবিএস রেডিও সার্ভিসগুলো অস্ট্রেলিয়ার দ্রুত পরিবর্তনশীল এবং ক্রমবর্ধমান বৈচিত্র্যময় সমাজকে প্রতিফলিত করে। সিলেকশন ক্রাইটেরিয়াগুলো ২০২১ সালের আদমশুমারির তথ্যের সাথে মিলিয়ে ব্যবহার করা হবে, যাতে ভাষাভিত্তিক সার্ভিসগুলো পরিবেশন করা যায় এবং পরবর্তী পাঁচ বছরের জন্য সেই সার্ভিসগুলো কীভাবে কাজ করবে তা জানাতে সহায়তা করবে।

এই ল্যাংগুয়েজ সার্ভিসেস রিভিউয়ের মধ্যে আছে এসবিএস রেডিওর অডিও এবং ভাষা-সংশ্লিষ্ট বিষয়গুলো, এসবিএস অন ডিমান্ড, পডকাস্টিং এবং অন্যান্য ডিজিটাল প্ল্যাটফর্মগুলো।

আজ থেকে ছয় সপ্তাহের জন্য পাবলিক কনসালটেশন শুরু হতে যাচ্ছে এবং ১২ নভেম্বর, ২০২১-এ এটি শেষ হবে। এটি এসবিএস রেডিও সার্ভিস এবং নেটওয়ার্কের বৃহত্তর অডিও এবং ভাষিক বিষয়গুলো নির্ধারণে অবদান রাখার জন্য কমিউনিটির জন্য একটি গুরুত্বপূর্ণ সুযোগ এবং তাদের সমস্ত মতামত বিবেচনা করে চূড়ান্ত সিলেকশন ক্রাইটেরিয়াগুলো প্রয়োগ করা হবে।

এসবিএস-এর অডিও এন্ড ল্যাংগুয়েজ কন্টেন্টের পরিচালক ডেভিড হুয়া বলেন, "একাধিক স্পর্শবিন্দুতে অস্ট্রেলিয়ার বিভিন্ন সম্প্রদায়ের সাথে বহুভাষিক সার্ভিসের মাধ্যমে যোগাযোগের একটি অনন্য ক্ষমতা রয়েছে এসবিএসের। পঁয়তাল্লিশ বছরেরও বেশি সময় ধরে আমরা কমিউনিটির জন্য উদ্ভাবনী এবং অর্থপূর্ণ সার্ভিস দেয়া অব্যাহত রেখেছি এবং আজ আমরা ৬০টিরও বেশি ভাষায় রেডিও, অনলাইন, পডকাস্ট এবং অ্যাপগুলোর মাধ্যমে এটা করে আসছি। আমরা শীঘ্রই পঞ্চাশ বছর পূর্ণ করতে যাচ্ছি, সেই প্রেক্ষাপটে এই রিভিউটি এসবিএসের আঙ্গিক গড়ে তুলতে সাহায্য করবে।"

"কোভিড -১৯ বৈশ্বিক মহামারীর সময় এসবিএসের বহুভাষিক সার্ভিসগুলো গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে, আমাদের অডিয়েন্সরা তাদের নিজ ভাষায় গুরুতর স্বাস্থ্য সম্পর্কিত হালনাগাদ তথ্য পেয়েছে। ল্যাংগুয়েজ সার্ভিসেস রিভিউ একটি গুরুত্বপূর্ণ সুযোগ যা নিশ্চিত করবে যে, আমরা আজ অস্ট্রেলিয়ান কমিউনিটির চাহিদা প্রতিফলিত করে চলেছি।

"আমাদের ভাষাভিত্তিক সার্ভিসের বিষয়গুলো নিয়মিত হালনাগাদ করার মাধ্যমে এসবিএস বহুভাষিক ও সাংস্কৃতিক পটভূমির বৃহত্তর কমিউনিটিকে আরও ভালভাবে সেবা দিতে সক্ষম হবে, সেইসাথে উদীয়মান এবং অধিক-চাহিদা-সম্পন্ন কমিউনিটিগুলোকে সার্ভিস দিতে



পারবে। এই প্রক্রিয়ায় আমাদের অডিয়েন্সদের পরামর্শ একটি গুরুত্বপূর্ণ উপাদান, এবং আমরা এজন্য অস্ট্রেলিয়া জুড়ে কমিউনিটিগুলোকে তাদের মতামত জানাতে উৎসাহিত করি।"

সিলেকশন ক্রাইটেরিয়াগুলো ২০২২ সালের মে মাসের মধ্যে চূড়ান্ত হওয়ার কথা রয়েছে। পরিমার্জিত এসবিএস ভাষাভিত্তিক সার্ভিসগুলো ২০২২ সালের শেষ নাগাদ বাস্তবায়িত হবে।

সিলেকশন ক্রাইটেরিয়ার জন্য জনসাধারণের পরামর্শ দেয়ার সময়কাল ৫ অক্টোবর থেকে ১২ নভেম্বর ২০২১ সাল পর্যন্ত চলবে। খসড়া সিলেকশন ক্রাইটেরিয়াগুলো দেখতে এবং মতামত জানাতে sbs.com.au/consultation ভিজিট করুন।

(সমাপ্ত)

আরও তথ্য এবং সাক্ষাৎকারের অনুরোধের জন্য যোগাযোগ করুন:

কেইট ওয়ার্নক | kate.warnock@sbs.com.au | 0419 316 135